দৈনিক ইত্তেফাক

২৬।৭।২০০১

তারিখ ........................
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৬

# শিক্ষা সচিব সকাশে শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ প্রতিনিধিদল

শিক্ষক কর্মচারী ঐক্যজোটের ৬ সদস্যের একটি প্রতিনিধিদল গত মঙ্গলবার শিক্ষা সচিব শহীদুল আলমের সহিত সাক্ষাৎ করেন। প্রতিনিধিদল শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাষ্ট পুনর্গঠন, টাকা প্রাপ্তিতে বিলম্ব

(১৩শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## শিক্ষা সচিব সকাশে

(৩য় পৃঃ পর)

দূরীকরণ, অবসর সুবিধা অধ্যাদেশ বাস্তবায়ন, ৭ই ফেব্রুয়ারী ২০০১-এর প্রজ্ঞাপন অনুযায়ী ৩য় বিভাগধারী শিক্ষকদের টাকা প্রদান এবং সাবেক সংসদ সদস্যসহ সকল রাজনীতিক ব্যক্তিদের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি হইতে অব্যাহতি প্রদানের বিষয়সহ শিক্ষকদের পেশাগত বিভিন্ন সমস্যা তুলিয়া ধরেন। শিক্ষা সচিব শিক্ষক-কর্মচারীদের ন্যায় সঙ্গত দাবী বাস্তবায়নের আশ্বাস প্রদান করেন। প্রতিনিধি দলে ছিলেন শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোঃ সেলিম ভূঁইয়া, আহ্বায়ক মাওলানা এমএ লতিফ, যুগ্ম আহ্বায়ক অধ্যক্ষ মাজহারুল হান্নান, শফিকুল আলম ও অধ্যক্ষ ইসহাক হোসেন। -প্রেস বিজ্ঞপ্তি